দৈনিক সংবাদ

JUN 07

# রাজশাহীতে শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে জালিয়াতির অভিযোগ

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী : জেলার বাগমারা উপজেলার মুগাইপাড়া নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে দু' শিক্ষকের এমপিওভুক্তির ক্ষেত্রে জালিয়াতির আশ্রয় নেয়া হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। খোদ উপজেলা নির্বাহী কর্মকর্তা এই অভিযোগ এনেছেন।

রাজশাহীর ডিসি বরাবরে দায়ের করা অভিযোগে বলা হয়, জালিয়াতির সঙ্গে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকও জড়িত। উপজেলা নির্বাহী কর্মকর্তা মুস্তাফিজুর রহমান তার অভিযোগে উল্লেখ করেছেন, তার প্রতিস্বাক্ষরিত পত্র ছাড়াই মীর শহিদুল ইসলাম ও নার্গিস আখতার নামে দু' শিক্ষকের কাগজপত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তার সই ও সিল জাল করা হয়।

অভিযোগমতে, গত ২৭শে মে প্রধান শিক্ষক হাফিজুর রহমান ইউএনও'র সই ও সিল জাল করে শহিদুল ইসলাম ও নার্গিস আখতারের এমপিওভুক্তির জন্য ব্যাত বেইজ সংক্রান্ত কাগজপত্র রাজশাহী জেলা শিক্ষা অফিসারের কাছে দাখিল করেন।